গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রশাসকের কার্যালয়
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

**বিষয় ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর মার্চ'২০২৬ খ্রিঃ মাসের সাধারণ সভার কার্যবিবরণী।**

**সভাপতি** ঃ জনাব এ.এফ.এম. শামীম
প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**সভার তারিখ** ঃ ১২ মার্চ'২০২৬ খ্রিঃ।

**সভার সময়** ঃ সকাল ১০.০০ ঘটিকা।

**সভার স্থান** ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সভা কক্ষ।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যের তালিকা হাজিরা খাতায় সংরক্ষিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি উপজেলা প্রকৌশলী-কে সভার আলোচ্যসূচি মোতাবেক আলোচনা করার জন্য অনুরোধ করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে দপ্তর ভিত্তিক আলোচনা শুরু করা হয়।

আলোচ্য সূচী ঃ ১। গত ফেব্রুয়ারি'২০২৬ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ

**আলোচনা ও সিদ্ধান্ত** ঃ কোন সংশোধনী/আপত্তি না থাকায় ফেব্রুয়ারি'২০২৬ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | **স্বাস্থ্য বিভাগ** | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান তিনি আরও জানান উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা সরঞ্জামাদি প্রয়োজন। যেমন- আইভি কেনুলা-৫০০০, গজ-৪০ থান, সিল্ক-৫০০ এবং গ্লোভস-৮০০০ প্রয়োজন। উক্ত সরঞ্জামাদি উপজেলা পরিষদের রাজস্ব/উন্নয়ন তহবিল হতে সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | চিকিৎসাসহ অন্যান্য কার্যক্রম বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০২ | **পরিবার পরিকল্পনা বিভাগ** | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান মোহনগঞ্জ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের অফিস স্থানান্তর করে নয়াচর ইসলামী ফাজিল মাদ্রসায় প্রতিস্থাপন করা হয়েছে। মাঠ পর্যায়ের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান তবে ঔষধ সরবরাহ না থাকায় মাঠ পর্যায়ের কাজে কিছুটা ব্যহত হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন। | চিকিৎসাসহ অন্যান্য কার্যক্রম বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |

চলমান পাতা-২

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৩ | **কৃষি বিভাগ** | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান কৃষি প্রণোদনা বাবদ (ক) পাট-২০০ (খ) আউশ-৪০০ ও (গ) তিল-২০ বরাদ্দ পাওয়া গেছে। বোরো আবাদেও অগ্রগতি ২০৪৫ হেক্টর। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | বিধি মোতাবেক প্রণোদনার উপকারভোগী সঠিকভাবে নির্বাচন ও বিতরণ, ফসলের রোগবালাই প্রতিরোধে নিয়মিত পরিদর্শন ও কৃষককে পরামর্শ প্রদান এবং অনাবাদি পতিত জমিতে শাক-সবজিসহ অন্যান্য কৃষি ফসল উৎপাদন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৪ | **মৎস্য বিভাগ** | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় সভায় উপস্থিত না থাকায় মৎস্য বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ০৫ | **প্রাণিসম্পদ বিভাগ** | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান গবাদি পশুর চিকিৎসা চলমান। চলতি মাসে গবাদি পশুর কৃত্রিম প্রজননের-১৬০ টি, গবাদি প্রাণির টিকা প্রদানের সংখ্যা-৪৮০ টি। হাঁস-মুরগীর টিকা প্রদানের সংখ্যা-১০,০০০ টি। খামারীদের পরামর্শ প্রদানের কাজ চলমান। বিভিন্ন রোগের ভ্যাকসিন প্রদান কাজ চলমান। | বিধি মোতাবেক ও স্বচ্ছতা বজায় রেখে বিভাগীয় কার্যক্রম সম্পন্ন ও স্বাস্থ্য সম্মত মাংস ও দুগ্ধ উৎপাদন খামার নিয়মিত পরিদর্শন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ০৬ | **দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ভিজিএফ কর্মসূচির ১৯,৬৬১ কার্ডের বিপরীতে কাজ চলমান। ২০২৫-২৬ অর্থ বছরে টি.আর, কাবিখা ১ম পর্যায়ের কাজ ৮০% সমাপ্ত হয়েছে। ২০২৫-২৬ অর্থ বছরে ২য় পর্যায়ের টি.আর, কাবিখা প্রকল্পের কাজ চলমান। দুর্যোগ মোকাবেলায় সকল প্রস্তুতি গৃহীত আছে। | ২০২৫-২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও সংস্কার কাজ স্বচ্ছতা বজায় রেখে বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৭ | **সমাজসেবা বিভাগ** | উপজেলা সমাজসেবা অফিসার'র প্রতিনিধি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অসচ্ছল প্রতিবন্ধী ভাতার লাইফ ভেরিফিকেশন কোদালকাটি ইউনিয়নে সম্পন্ন করা হয়েছে। ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, প্যারালাইজড, থ্যালাসেমিয়া রোগে অসুস্থ রোগীদের সনাক্ত ও তদন্ত কার্যক্রম সম্পন্ন হয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ০৮ | **প্রাথমিক শিক্ষা বিভাগ** | উপজেলা শিক্ষা অফিসার (ভারঃ), চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ০৯ | **মহিলা বিষয়ক অধিদপ্তর** | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা'র প্রতিনিধি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ভিডব্লিউবি কর্মসুচির চাল বিতরণ কার্যক্রম চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১০ | **যুব উন্নয়ন বিভাগ** | উপজেলা সহকারী যুব উন্নয়ন অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |

চলমান পাতা-৩

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১১ | **প্রকৌশল বিভাগ** | উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান বার্ষিক উন্নয়ন কর্মসুচির (এডিপি) কার্যক্রম চলমান। মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণের জন্য বরাদ্দ পাওয়া গেছে। গ্রামীণ সড়কে গুরুত্বপূর্ণ ব্রীজ, কালভার্ট স্থাপন করা প্রয়োজন। উপজেলা পরিষদের কোয়ার্টারের বকেয়া ভাড়া পরিশোধের কার্যক্রম চলমান।<br>উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, ২০২৫-২৬ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) আওতায় গত জানুয়ারী'২০২৬ মাসের উপজেলা পরিষদের সাধারণ সভায় অনুমোদিত টেন্ডার প্রকল্পঃ রাজিবপুর ইউনিয়নের ০৭নং ওয়ার্ডে বৌ বাজার রফিকুলের বাড়ি হতে উত্তর দিকে ছাত্তারের বাড়ি পর্যন্ত রাস্তা এইচ.বি.বি করণ-১,০০,০০০/- (একলক্ষ) টাকা। প্রকল্পটি সংশোধন করা প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নবর্ণিত সংশোধিত টেন্ডার প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে।<br>**সংশোধিত প্রকল্প ঃ** রাজিবপুর ইউনিয়নের ০৭নং ওয়ার্ডে টাঙ্গালিয়া পাড়া কবর স্থান সংলগ্ন টাঙ্গালিয়া পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাস্তা এইচবিবিকরণ-১,০০,০০০/- (একলক্ষ) টাকা।<br>রাজিবপুর ইউনিয়নের শিবেরডাঙ্গী জালছিড়া রাস্তার গাছ ও মোহনগঞ্জ ইউনিয়নের পাটাধোয়া পাড়া ব্রীজের পার্শ্বে রাস্তার গাছ নিলামে কর্তন করা প্রয়োজন।<br>সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ২০২৫-২৬ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) আওতায় রাজিবপুর ইউনিয়নের ০৭নং ওয়ার্ডে টাঙ্গালিয়া পাড়া কবর স্থান সংলগ্ন টাঙ্গালিয়া পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাস্তা এইচবিবিকরণ সংশোধিত প্রকল্পটি টেন্ডারের মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম।<br>০২। ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১২ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২২-২৩ অর্থ বছরের ৩৬ টি অগভীর নলকূপ স্থাপন কাজ ঠিকাদার অদ্যাবধি শুরু করে নাই। এ বিষয়ে একাধিকবার তাগিদ পত্র প্রদান করা হয়েছে। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ২০২২-২৩ অর্থ বছরের ৩৬ টি অগভীর নলকূপ স্থাপন কাজ চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৩ | **সমবায় বিভাগ** | উপজেলা সমবায় কর্মকর্তা'র প্রতিনিধি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকতা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৪ | **পল্লী উন্নয়ন বিভাগ** | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৫ | **পরিবেশ ও বন বিভাগ** | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবেশ ও বন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৬ | **মাধ্যমিক শিক্ষা বিভাগ** | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার'র প্রতিনিধি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান গত ১৯ ফেব্রুয়ারি'২০২৬ হতে ২৬ মার্চ'২০২৬ পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। ইউএনডিপি কর্তৃক এপ্রিল'২০২৬ মাসের মাঝামাঝি সময়ে অনুষ্ঠিতব্য ক্লাইমেট চেঞ্জ বিষয়ক কর্মশালায় অংশগ্রহণকারীগণের তালকা প্রস্তুতি চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |

চলমান পাতা-৪

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৭ | **পরিষদের রাজস্ব তহবিল** | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক ২০২৫-২৬ অর্থ বছরে মার্চ'২০২৬ খ্রিঃ মাসে নিম্নবর্ণিতভাবে খাত ভিত্তিক ও উপখাতে ব্যয় করা প্রয়োজন মর্মে সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ) উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম মতামত ব্যক্ত করেন। খাত ভিত্তিক ও উপখাতে ব্যয় সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>০১। মার্চ'২০২৬ খ্রিঃ মাসের আপ্যায়ন বাবদ ব্যয় =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>০২। মার্চ'২০২৬ খ্রিঃ মাসের অফিস আনুষাঙ্গিক (অপসেট পেপার, টিস্যু বক্স, ভিক্সল, এ্যারোসল, হারপিক, কলম ইত্যাদি) বাবদ ব্যয় =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।<br>০৩। মার্চ'২০২৬ খ্রিঃ মাসের অভ্যন্তরীণ যোগাযোগ বৃদ্ধি, বার্তা ও উপাত্তের আদান প্রদানে ইন্টারনেট ব্যবহার বাবদ ব্যয় =১৫,০০০/-(পনের হাজার) টাকা।<br>০৪। মার্চ'২০২৬ খ্রিঃ মাসের পত্রিকা ব্যয় বিল =১,৩৬২/- (একহাজার তিনশত বাষট্টি) টাকা।<br>০৫। মার্চ'২০২৬ খ্রিঃ মাসে ০১ (এক) জন মালি'র দৈনিক মজুরী (৭০০×২২ দিন) =১৫,৪০০/- (পনের হাজার চারশত) টাকা।<br>০৬। মার্চ'২০২৬ খ্রিঃ মাসের ০১ (এক) জন সুইপার'র দৈনিক দৈনিক মজুরী (৭০০×২২ দিন) =১৫,৪০০/- (পনের হাজার চারশত) টাকা।<br>০৭। মার্চ'২০২৬ খ্রিঃ মাসের উপজেলা পরিষদ চত্ত্বরে সার্বিক নিরাপত্তার জন্য নিয়োজিত আনসার-এর বেতন =৮,২৫০/- (আট হাজার দুইশত পঞ্চাশ) টাকা।<br>০৮। ২০২৫-২৬ অর্থ বছরে জরুরী প্রয়োজনে আর্থিক সহায়তা বাবদ ব্যয় =১০,০০০/- (দশ হাজার) টাকা।<br>০৯। ১৪৩৩ বঙ্গাব্দে হাট ও বাজার ইজারা সংক্রান্ত আনুষঙ্গিক ব্যয় বিল-১৭,৩০০/- (সতের হাজার তিনশত) টাকা।<br>১০। ২০২৫-২৬ অর্থ বছরে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপনে ব্যয়-৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা।<br>১১। ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের কর্মচারীদের মার্চ'২০২৬ খ্রিঃ মাসের মূল বেতনের ১০% এর সমপরিমাণ টাকা প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) হিসাবে প্রদান বাবদ =৬,১৩২/- (ছয় হাজার একশত বত্রিশ) টাকা।<br>সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ২০২৫-২৬ অর্থ বছরে মার্চ'২০২৬ খ্রিঃ মাসে বর্ণিত খাত ভিত্তিক ও উপখাতে উল্লেখিত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৮ | **বিবিধ** | | | |
| ১৮ (১) | **রাজিবপুর ইউনিয়ন পরিষদ** | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান পবিত্র ঈদ-উল ফিতর উপলক্ষে ভিজিএফ বরাদ্দ অনুযায়ী নিয়মতান্ত্রিকভাবে কার্যক্রম চলমান। রাজিবপুর ইউনিয়নের ১-৯নং ওয়ার্ডের বৃষ্টি ও বন্যার কারণে ক্ষতিগ্রস্থ ভাঙ্গা রাস্তা মেরামত করা প্রয়োজন। ইউনিয়ন পরিষদ ভবন মেরামত করা প্রয়োজন। জনদুর্ভোগ এড়াতে কাকড়া গাড়ী সীমিত আকারে চলাচলের জন্য অনুরোধ জানান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করা ও সুষ্ঠুভাবে ভিজিএফ বিতরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |

চলমান পাতা-৫

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৮ (২) | **কোদালকাটি ইউনিয়ন পরিষদ** | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় কোদালকাটি ইউনিয়ন পরিষদের কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮ (৩) | **মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ** | প্যানেল চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি সভায় চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান মোহনগঞ্জ ইউনিয়নের বিভিন্ন রাস্তার ঝুঁকিপূর্ণ গাছ নিলামের মাধ্যমে কর্তন করা প্রয়োজন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮ (৪) | **উপজেলা খাদ্য অধিদপ্তর** | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান খাদ্য বান্ধব কর্মসুচির আওতায় ৩৬০৪ টি কার্ডের অনলাইন যাচাই-বাছাই চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৮ (৫) | **উপজেলা প্রাইমারী এডুকেশন ট্রেনিং সেন্টার** | ইন্সট্রাক্টর, উপজেলা প্রাইমারী এডুকেশন ট্রেনিং সেন্টার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। অর্থ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ কার্যক্রম শুরু হবে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৮ (৬) | **নির্বাচন বিভাগ** | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান নতুন ভোটার নিবন্ধনে ইউনিয়ন পরিষদ কার্যালয়ের স্মারক নংসহ প্রত্যয়ন পত্র নিশ্চিত করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮ (৭) | **সাব-রেজিস্ট্রার বিভাগ** | উপজেলা সাব-রেজিস্ট্রার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা সাব-রেজিস্ট্রার বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা সাব-রেজিস্ট্রার, চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা সাব-রেজিস্ট্রার, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৮ (৮) | **হিসাবরক্ষণ বিভাগ** | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা হিসাবরক্ষণ বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮ (৯) | **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি শাখা)** | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১০) | **আনসার ও ভিডিপি দপ্তর** | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১১) | **পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ** | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১২) | **পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ি আমার খামার প্রকল্প)** | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় পল্লী সঞ্চয় ব্যাংক এর কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১৩) | **দারিদ্র বিমোচন বিভাগ** | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অত্র দপ্তরের ঋণ আদায় ও বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |

চলমান পাতা-৬

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৮(১৪) | **তথ্য আপা ঃ (২য় পর্যায়)** | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা তথ্যসেবা অফিসের কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১৫) | **পল্লী বিদ্যুৎ সমিতি** | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সভায় উপস্থিত না থাকায় পল্লী বিদ্যুৎ সমিতির কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি |

১৮(১৬) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, অত্র উপজেলাধীন পেরিফেরীভূক্ত ০৪ টি হাট ও বাজার (০১) রাজিবপুর হাট ও বাজার (০২) বালিয়ামারী হাট ও বাজার (০৩) কোদালকাটি হাট ও বাজার (০৪) নয়াচর হাট-বাজার ১৪৩৩ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ইজারা বন্দোবস্ত প্রদানের জন্য অত্রাফিসের ০৯/০২/২০২৬ তারিখের ১১২ নং স্মারক পত্র মোতাবেক হাট ও বাজার ইজারা দরপত্র বিজ্ঞাপন দেয়া হয়। উক্ত দরপত্র বিজ্ঞাপন অনুযায়ী ১ম দফা দরপত্র দাখিলের তারিখ ১৮/০২/২০২৬ তে প্রাপ্ত দরপত্র মোতাবেক ২২/০২/২০২৬ তারিখ অনুষ্ঠিত দরপত্র মূল্যায়ণ কমিটির সভার সুপারিশের প্রেক্ষিতে উপজেলা পরিষদের ফেব্রুয়ারি'২০২৬ মাসের সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক রাজিবপুর হাট ও বাজার, বালিয়ামারী হাট ও বাজার এবং কোদালকাটি হাট ও বাজারটি ইজারা প্রদান করা হয় এবং মোহনগঞ্জ ইউনিয়নের নয়াচর হাট ও বাজার ইজারা প্রদানের জন্য ২য় ও ৩য় দফায় হাট-বাজার ইজারার দরপত্র বিক্রয় অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

১৪৩৩ বঙ্গাব্দের হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞাপন অনুযায়ী ৩য় দফা দরপত্র দাখিলের তারিখ ০৯/০৩/২০২৬ তে নয়াচর হাট ও বাজারের অনুকুলে কোন দরপত্র পাওয়া যায়নি। বিধায়, মোহনগঞ্জ ইউনিয়নের নয়াচর হাট ও বাজারটি ১৪৩৩ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদান করা সম্ভব হয়নি। সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত হাটে খাস আদায় করা যেতে পারে।

চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি'র প্রতিনিধি সভায় জানান যে, নয়াচর হাট ও বাজারটি অনেক পুরাতন ছোট একটি হাট। এ হাটে গরু-ছাগলের হাট বসে না। হাটের বেশিরভাগ জায়গাই ফাঁকা। শুধমাত্র হাটের দিন মনিহারি দোকান, মাছ বাজার ও কাচাবাজারে ক্রয়-বিক্রয় হয়। ১৪৩২ বঙ্গাব্দে নয়াচর হাট-বাজার ইজারা গ্রহণকারী টোল আদায় করে ইজারা মূল্যের আসল টাকা পাওয়া সম্ভব হয়নি বিধায়, ইজারাদার আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছেন। তাই ১৪৩৩ বঙ্গাব্দে নয়াচর হাট ও বাজারটি ইজারা গ্রহণের জন্য কোন প্রকার দরপত্র পাওয়া যায়নি মর্মে তিনি মতামত ব্যক্ত করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ০১। মোহনগঞ্জ ইউনিয়নের নয়াচর হাট-বাজার ইজারা না হওয়ার বিষয়ে জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয় বরাবর পত্র প্রেরণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। মোহনগঞ্জ ইউনিয়নের নয়াচর হাট-বাজারে ১৪৩৩ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত বিধি মোতাবেক খাস আদায়ের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ ০১। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম।

০২। সহকারী কমিশনার (ভূমি), চর রাজিবপুর, কুড়িগ্রাম।

০৩। সংশ্লিষ্ট কমিটি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।

১৮(১৭) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চর রাজিবপুর সভায় আরও জানান যে, উপজেলা পরিষদের হেলিপ্যাড সংলগ্ন উত্তর পার্শ্বের পুকুরটির ইজারা মেয়াদকাল ১৪৩২ বঙ্গাব্দের ৩০ চৈত্র শেষ হবে। উপজেলা পরিষদের রাজস্ব আয়ের স্বার্থে উক্ত পুকুরটি ১লা বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩৫ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদান করা প্রয়োজন। সভার অনুমোদন সাপেক্ষে পুকুর ইজারা ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে প্রকাশ্যে নিলাম ডাকের মাধ্যমে অথবা টেন্ডার আহবান পূর্বক হেলিপ্যাড সংলগ্ন উত্তর পার্শ্বের পুকুরটি ইজারা প্রদান করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের হেলিপ্যাড সংলগ্ন পুকুর ১লা বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩৫ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে প্রকাশ্যে নিলাম ডাকের মাধ্যমে ইজারা প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

১৮(১৮) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চর রাজিবপুর সভায় আরও জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে উপজেলা পরিষদের সুপার মার্কেট-১ এর ভাড়া বৃদ্ধি করা প্রয়োজন। উপজেলা পরিষদ সুপার মার্কেট-১ এর ভাড়া বৃদ্ধির লক্ষ্যে সুপারিশ প্রেরণের জন্য কমিটি গঠন করা যেতে পারে।

চলমান পাতা-৭

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদ সুপার মার্কেট-১ এর যৌক্তিক ভাড়া বৃদ্ধির লক্ষ্যে সুপারিশ প্রদানের লক্ষ্যে কমিটি গঠনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

১৮(১৯) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের একটি বড় নৌকা রয়েছে মর্মে জানা যায়। উক্ত নৌকাটি পুরাতন হওয়ায় অকেজো অবস্থায় পড়ে রয়েছে মর্মে জানা যায়। সরকারী সম্পদ বিনষ্ট হতে দেয়া যাবে না। উক্ত নৌকার বর্তমান অবস্থা এবং পরবর্তী করণীয় কি সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলা প্রকৌশলী কর্তৃক সরেজমিন পরিদর্শন পূর্বক নৌকার বর্তমান অবস্থা (ছবিসহ) ও পরবর্তী করণীয় সম্পর্কে প্রতিবেদন দাখিলের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

১৮(২০) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদে একটি ভবন এর একটি কক্ষ ভাড়া চাহিয়া দলিল লেখক আবেদন করছেন। সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত কক্ষটি ভাড়া প্রদান করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের একটি ভবন এর একটি কক্ষ মাসিক ৫০০/- (পাঁচশত) টাকা হারে হিসাবে ভাড়া প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে আবেদনকারীর অনুকূলে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/০৩/২৬

(এ.এফ.এম. শামীম)
প্রশাসক (অঃদাঃ)
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮২৩-৫৬২২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৩.০৫৯.২৬-২৯৯

তারিখ ঃ ২৭ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ / ১২ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল ঃ**

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২৮, কুড়িগ্রাম-৪।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০৫। উপজেলা ..........................................কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তাঁকে সভার সিদ্ধান্ত অনুযায়ী তাঁর জন্য প্রযোজ্য অংশটুকুর বাস্তবায়ন প্রতিবেদন আগামী সভার মধ্যেই প্রেরণ করার অনুরোধ করা হলো।
০৬। ......................................................................................... কুড়িগ্রাম।
০৭। সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৮। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ, ইউনিয়ন পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৯। অফিস কপি।

২২/০৩/২৬

(এ.এফ.এম. শামীম)
উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম
মোবাইল ঃ ০১৭০৯-৯৭৪৫০৮
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd